দৈনিক ইত্তেফাক

তারিখ 23 APR 1994
পৃষ্ঠা ৬ কলাম ৪

45

## পটুয়াখালীতে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম ৩ মাস বন্ধ

বরিশাল অফিস ।। পটুয়াখালী জেলার ৬টি থানার কয়েকশত দুঃস্থ ও অসহায় শিশুদের অভিভাবকেরা গত তিন মাস ধরিয়া শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর গম পাইতেছে না। এই গম প্রতি ১৫ দিন অন্তর বিতরণ করার কথা। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান, মাত্র ১৫ দিন পূর্বে গমের বরাদ্দ পাওয়া গিয়াছে। এই কারণে গম বিতরণ বন্ধ ছিল। গলাচিপার টিএনও শনিবার জানান স্কুল কমিটি

(৪র্থ পৃঃ দ্রঃ)

## পটুয়াখালীতে শিক্ষার জন্য

(৩য় পৃঃ পর)

গমের চাহিদাপত্র পেশ করিতে ব্যর্থ হওয়ায় তিনি ব্যবস্থা নিতে পারেন নাই। এমনকি জেলা শিক্ষা বিভাগ হইতে কার্ড পর্যন্ত ঐ থানায় পাঠানো হয় নাই। ঐ থানায় বর্তমানে কোন শিক্ষা কর্মকর্তা নাই। এই ব্যাপারে ডিপিইও জানান, কার্ড সম্প্রতি পাঠানো হইয়াছে। অভিযোগে প্রকাশ, বছরের শুরুতে ঢাকা হইতে কার্ড সংগ্রহ করা হয় নাই। ফলে অচলাবস্থা দেখা দেয়।